



# মাসিক দুদক দর্পণ

৭ম বর্ষ • ১৪তম সংখ্যা • সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ • আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ

www.acc.org.bd

এ সংখ্যায় যা রয়েছে

- সভা/সেমিনার
- গ্রেপ্তার
- সাজা
- দায়েরকৃত উল্লেখযোগ্য মামলা
- আদালতে দায়েরকৃত উল্লেখযোগ্য মামলার চার্জশিট

যোগাযোগ

নির্বাহী সম্পাদক

দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়  
১ সেগুন বাগিচা, ঢাকা।

ফোন: ৯৩৫৩০০৪-৮

ই-মেইল : info@acc.org.bd

ওয়েব সাইট : http://www.acc.org.bd

## সম্পাদকীয়

“২৭ জুলাই, ২০১৭ দুর্নীতি দমন কমিশনের মিডিয়া সেন্টারে দুদকের অভিযোগ কেন্দ্রের হটলাইন ১০৬-এর উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, এমপি। উদ্বোধনী মঞ্চে এসময় উপস্থিত ছিলেন দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ, কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ এবং এ এফ এম আমিনুল ইসলাম। আনুষ্ঠানিক উদ্বোধনের পর থেকেই দুর্নীতি দমন কমিশনের অভিযোগ কেন্দ্রের হটলাইনটি যেন সাধারণ মানুষের অভিযোগ জানানোর প্লাটফর্মে পরিণত হয়েছে। উদ্বোধনের প্রথম সপ্তাহেই প্রায় ৭৫ হাজার কল এসেছে। জাতীয় পত্রিকায় সংবাদ প্রকাশের পর পরই আন্তর্জাতিক গণমাধ্যম সরব হয়ে ওঠে। বিবিসি, এএফপিসহ বিভিন্ন সংবাদ সংস্থা এই সংবাদ প্রকাশ করে। মেইল অনলাইন ইউকে, ডন, ফ্রান্স ২৪ নিউজ, দি হেরাল্ডসহ বিশ্বের বিভিন্ন দেশের গণমাধ্যমে বিভিন্ন ভাষায় এই সংবাদ গুরুত্বের সাথে প্রকাশ করা হয়। গত এক মাসে দুদক অভিযোগ কেন্দ্রের হটলাইন ১০৬-এ এক লক্ষ সাতান্ন হাজারের মতো কল এসেছে। কমিশন ১০৬ এর মাধ্যমে প্রাপ্ত অনুসন্ধানযোগ্য অভিযোগসমূহ দ্রুত অনুসন্ধান শুরু করেছে। পাশাপাশি কমিশন তাৎক্ষণিকভাবে তিনটি বিশেষ টিম গঠন করেছে। দুর্নীতির কোনো ঘটনায় যদি তাৎক্ষণিকভাবে আইন প্রয়োগের প্রয়োজন হয় তবে এসকল টিমের সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে যাবে। পরিশেষে দুর্নীতির কোনো ঘটনার প্রতিকার ও প্রতিরোধের জন্য যে কোনো ফোন থেকে দুদকের হটলাইন ১০৬ নম্বরে ফোন করার জন্য দুদক দর্পণ সম্পাদনা পরিষদের পক্ষ থেকে অনুরোধ জানানো হলো।”

## সভা/সেমিনার

জাতীয় শোক দিবস উপলক্ষে দুর্নীতি দমন কমিশনের সেগুন বাগিচাস্থ প্রধান কার্যালয়ে কমিশনের চেয়ারম্যান ইকবাল মাহমুদ এর সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ইতিহাসের নৃশংস ও মর্মস্পর্শী হত্যাকাণ্ডে নিহত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যসহ ১৫ই আগস্টে নিহত অন্যান্য শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা ও তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ বলেন, ১৫ই আগস্ট শুধু শোকের দিন নয়, এটি বাঙালি জাতির জন্য লজ্জারও দিন। কারণ যে মহান ব্যক্তিত্ব দেশের স্বাধীনতা তথা মানুষের মুক্তির জন্য সারা জীবন সংগ্রাম করে গেছেন, এমনকি এই বাঙালি জাতির জন্য নিজের জীবনকে উৎসর্গ করেছেন। তাকে কতিপয় বাঙালিই হত্যা করেছে। এই হত্যাকাণ্ড বাঙালি জাতির জন্য কলঙ্কের।



দুদক কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ বলেন, আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ ষড়যন্ত্র সম্পর্কে সবাইকে সতর্ক থাকতে হবে। দেশকে বঙ্গবন্ধুর সোনার বাংলা হিসেবে গড়তে হলে এসকল ষড়যন্ত্রের বিরুদ্ধে আমাদের সম্মিলিতভাবে রুখে দাঁড়াতে হবে।

কমিশনার এএফএম আমিনুল ইসলাম তাঁর বক্তব্যে বলেন, জাতির জনক ৫২ এর ভাষা আন্দোলন, ৫৪ এর নির্বাচন, ৬৬ এর ছয় দফা, ৬৯ এর গণ অভ্যুত্থান, ৭০ এর নির্বাচন, ৭ মার্চের ভাষণ, সর্বশেষ মুক্তিযুদ্ধের মাধ্যমে ধারাবাহিকভাবে এ দেশের স্বাধীনতা তথা মহান মুক্তিযুদ্ধের নেতৃত্ব দিয়েছেন।

আলোচনা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ই আগস্ট শাহাদাতবরণকারী সকল শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

## দুদকে নতুন সচিব ড. মোঃ শামসুল আরেফিন



সরকারের অতিরিক্ত সচিব ও দুর্নীতি দমন কমিশনের মহাপরিচালক ড. মোঃ শামসুল আরেফিন গত ২০ আগস্ট দুর্নীতি দমন কমিশনের সচিব হিসেবে যোগদান করেছেন। এর আগে জনপ্রশাসন মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে তাকে সরকারের ভারপ্রাপ্ত সচিব হিসেবে দুর্নীতি দমন কমিশনের সচিব পদে পদায়ন করা হয়। যোগদান করেই তিনি কমিশনের সকল মহাপরিচালক ও পরিচালক পদমর্যাদার কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। এসময় তিনি সচিব হিসেবে তাঁর কর্মকালে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

## দুদক অভিযোগ কেন্দ্রের হটলাইন-১০৬ এর উদ্বোধন



দুর্নীতি দমন কমিশনের অভিযোগ কেন্দ্রের হটলাইন-১০৬ এর উদ্বোধন করছেন অর্থ মন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, এমপি।



দুর্নীতি দমন কমিশনের অভিযোগ কেন্দ্রের হটলাইন-১০৬-এ কথা বলছেন অর্থ মন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, এমপি।

দুর্নীতি দমন কমিশন  
বাংলাদেশ

দুর্নীতির কোনো ঘটনার প্রতিকার ও প্রতিরোধের জন্য যে কোনো ফোন থেকে দুদকের অভিযোগ কেন্দ্রের হটলাইন ১০৬ নম্বরে ফ্রি কল করুন (সকাল ০৯ টা থেকে বিকাল ৫ টা)।